২৯/৮/২০০১

দৈনিক জনকণ্ঠ

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# সার্ক পত্র লিখন প্রতিযোগিতায় লেখা আহ্বান

সার্কভুক্ত দেশসমূহের মধ্যে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে ভারত ডাক প্রশাসন ১৫ বছর বয়স পর্যন্ত তরুণ তরুণী ও ছাত্রছাত্রীদের মধ্যে এক পত্র লিখন প্রতিযোগিতার আয়োজন করেছে। এ প্রতিযোগিতার নির্ধারিত বিষয় হচ্ছে Letter to a friend about your favourite hobby "Stamp Collection". পত্রটি এক হাজার শব্দের মধ্যে হতে হবে।

এ প্রতিযোগিতায় দুটি পর্যায়ে পুরস্কার প্রদান করা হবে। একটি জাতীয় পর্যায়ে বাংলাদেশভিত্তিক এবং অপরটি সার্ক পর্যায়ে। বাংলাদেশে সর্বশ্রেষ্ঠ বিবেচিত পত্রটি আঞ্চলিক সার্ক পত্র লিখন প্রতিযোগিতায় অন্তর্ভুক্ত করার জন্য ভারতীয় ডাক কর্তৃপক্ষের কাছে প্রেরণ করা হবে। পত্রটি সর্বশেষ ১৫ সেপ্টেম্বরের মধ্যে অবশ্যই ডাক বিভাগের রেজিস্টার্ড জিইপি ডাকযোগে জয়নাল আবেদীন মল্লিক, পরিচালক (ইউপিইউএ) ডাক অধিদফতর, বাংলাদেশ ডাক বিভাগ, ডাক ভবন, ঢাকা-১০০০ এই ঠিকানায় প্রেরণ করতে হবে। খামের ওপর "সার্ক পত্র লিখন প্রতিযোগিতা/২০০১" শিরোনাম লিখতে হবে।

প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুকদের অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। তাদের বয়স আগামী ৩১ আগস্ট তারিখে ১৫ বছরের বেশি হবে না। প্রতিযোগীদের নিজ নিজ স্কুলের প্রধান শিক্ষক বা শিক্ষিকা কর্তৃক প্রদত্ত তাদের নাগরিকত্ব ও বয়সের প্রত্যায়নপত্র প্রতিযোগিতাপত্রের সাথে পাঠাতে হবে। প্রত্যায়নপত্রে প্রতিযোগীর পিতার নাম, স্কুল, শ্রেণী, জন্ম তারিখ এবং স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

প্রতিযোগীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৫ কপি ছবি পাঠাতে হবে। ছবির অপর পৃষ্ঠায় তার দস্তখত সত্যায়িত হতে হবে। এটি পত্রাকারে লিখতে হবে। রচনাকারে হলে তা বাতিল বলে গণ্য হবে। পত্রটি প্রতিযোগীর নিজস্ব হাতে ইংরেজী ভাষায় লিখতে হবে, তার নিজের সাম্প্রতিক লেখা হতে হবে এবং শুধুমাত্র কাগজের এক পৃষ্ঠায় লিখতে হবে। উভয় পৃষ্ঠায় লেখা যাবে না। পত্রের শেষে প্রতিযোগীর নিজ নাম, শ্রেণী, স্কুলের নাম, ঠিকানা ও পিতার নামসহ বাসস্থানের পূর্ণ ঠিকানা লিখতে হবে। -তথ্য বিবরণী।